সকল কর্মীরই নিরাপদ কার্য পরিবেশের অধিকার আছে। ঢাকায় সাম্প্রতিক অগ্নিকাণ্ডের ঘটনা এই বিষয়ে আরো বেশি দৃষ্টি আকর্ষণ করেছে। পুরনো নকশা নিয়ে কাজ করার চাইতে নতুন বিল্ডিং-এ নিরাপত্তার নকশা করাটা অনেক বেশি সুলভ।

^৬ http://en.wikipedia.org/wiki/International_Bill_of_Human_Rights

আইএসও ২৬০০০ এর সাতটি মূল বিষয়ের সংজ্ঞায়ন এবং এর বাস্তবায়নের ব্যবহারিক উদাহরণ

একটি প্রতিষ্ঠানের জন্য তার সামাজিক দায়িত্বশীলতাকে চিহ্নিত করার একটি কার্যকরী উপায় হচ্ছে আইএসও ২৬০০০ এর সাতটি মূল বিষয়ের সাথে সেই প্রতিষ্ঠানটিকে পরিচিত করানো: প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা, মানবাধিকার, শ্রম অনুশীলন, পরিবেশ, ন্যায্য পরিচালনা ব্যবস্থা, ভোক্তাদের সমস্যা এবং জনগনের বা সমাজের একটি গোষ্ঠীর অংশগ্রহণ ও উন্নয়ন।

প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা

প্রতিটি প্রতিষ্ঠানই সিদ্ধান্ত প্রণয়ণ ও কার্যকর করার জন্যই তাদের উদ্দেশ্য ও লক্ষ্য ঠিক করে থাকে। যে প্রক্রিয়ায় একটি প্রতিষ্ঠান পরিচালিত এবং নিয়ন্ত্রিত হয় তাকেই প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা বলে। প্রতিটি প্রতিষ্ঠানের সংস্কৃতি, মান এবং কর্ম পরিবেশের ভিন্নতা এর সিদ্ধান্ত বাস্তবায়নকে প্রভাবিত করবে। ফলে, একটি সফল প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হলে তৃতীয় অধ্যায়ের আলোচিত সাতটি মূলনীতি মানতে হবে। স্টেকহোল্ডারদের সাথে ব্যবসা চালানোর ক্ষেত্রে, বিশ্বাস, দায়িত্ব এবং শ্রদ্ধা, এমনকি ভোক্তাদের অধিকারের প্রতি স্বচ্ছতা এবং কতটা ভালোভাবে একটি প্রতিষ্ঠানের মূল্যবোধ-সততা ও নৈতিকতাকে নির্বাচন করে, তার উপরই প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে।

আদেশ এবং নিয়ন্ত্রণের ব্যবস্থাপনা দ্বারা প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য ও লক্ষ্য অর্জন করা অবশ্যই সম্ভব, কিন্তু তখন কর্মচারীরা চাপ ও ভয়ের মধ্যে থেকে কাজ করে: উচ্চ-পদস্থ ব্যবস্থাপক মধ্যম-পদস্থ ব্যবস্থাপকের ওপর চড়াও হয়, আবার নিম্ন-পদস্থ ব্যবস্থাপক আবার সেই একই আচরণ কর্মীদের সাথে পুনরাবৃত্তি করে। সৃষ্টিশীল চিন্তা ও সমস্যা সমাধানের জন্য উপযোগী পরিবেশ এটা দিতে পারে না। আবার, কর্মীরাও নিজ তাগিদে দায়িত্ব গ্রহণে উৎসাহী হবে না। সামাজিক দায়িত্বশীলতার বিকাশের জন্য এটি কোনো সুপরিবেশ নয়।

যে কোনো প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা এমনভাবে প্রণীত হওয়া উচিত যা নিশ্চিত করে যে একটি প্রতিষ্ঠান তার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণ করবে এবং সেখানে সামাজিক দায়িত্বশীলতাও অন্তর্ভুক্ত

থাকবে। প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থায় সামাজিক দায়িত্বশীলতাকে স্থাপিত করার মাধ্যমে পদস্থ কর্তা ব্যক্তির প্রতীষ্ঠানের মূল্যবোধ এবং স্টেকহোল্ডারদের প্রয়োজনীয়তার মধ্যে যোগসূত্র বুঝতে পারে এবং সেই অনুযায়ী কাজ করে। এভাবে একটি প্রতিষ্ঠান যদি স্টেকহোল্ডারদের জন্য সিদ্ধান্ত প্রণয়নে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিতে পারে, তাহলে সামাজিক দায়িত্বশীলতা ওই প্রতিষ্ঠানকে আরো দক্ষ ও টেকসই হতে সাহায্য করবে। (বিভিন্ন স্টেকহোল্ডারদের সংযুক্ত করা নিয়ে বিস্তারিত তথ্য অধ্যায় ৫-এ আছে)

একটি প্রতিষ্ঠানে সামাজিক দায়িত্বশীলতা প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থায় কতটা ভালোভাবে স্থাপিত সেটাও পরিমাপ করা সম্ভব; যেমন, বোর্ড মিটিংসমূহের কতগুলোয় সামাজিক দায়িত্বশীলতা এজেন্ডা আইটেম ছিলো এবং সামাজিক দায়িত্বশীলতা বিবেচনায় রেখে কয়টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বোর্ডসমূহকে সক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নেতৃত্বপন্থা বিবেচনা করা উচিত, কারণ এটাই শেষ পর্যন্ত জানান দেয় যে স্টেকহোল্ডাররা নিজেদেরকে প্রতিষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করে কি না; এবং তখনই তারা দায়বদ্ধতার প্রমাণ দেবে এবং দায়িত্ব নেবে।

মানবাধিকার

মানবাধিকার হচ্ছে সেসকল মৌলিক অধিকার যার প্রতি মানুষ আরোপিত এবং এদেরকে কয়েকভাগে ভাগ করা যেতে পারে - (ক) নাগরিক ও রাজনৈতিক অধিকার (খ) অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার।

জীবন ও স্বাধীনতার অধিকার, আইনের চোখে সমতা এবং ভাব প্রকাশের স্বাধীনতা সকল নাগরিক ও রাজনৈতিক অধিকারের অধীনে পড়ে। অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারের মধ্যে যে বিষয়গুলো অন্তর্ভুক্ত তা হলো কাজ করার অধিকার ও সামাজিক নিরাপত্তা, খাদ্য ও স্বাস্থ্য সেবা পাবার অধিকার এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো শিক্ষার অধিকার। মানবাধিকারে নিম্নের আটটি ইস্যু গুরুত্বপূর্ণ।

১. উপযুক্ত পরিশ্রম - এটা দ্বারা বোঝায় যে, ব্যবসা চালিয়ে নেয়ার জন্য একটি প্রতিষ্ঠান তাদের কর্মকর্তা দ্বারা কোনো ঝুঁকির সম্ভাবনা থাকলে তা কমাবার দায়িত্ব নেবে। সাপ্লাই চেইনের প্রতিটি স্থানেই ঝুঁকি হ্রাস করা একটি প্রতিষ্ঠানের কর্তব্য।
২. মানবাধিকার ঝুঁকি পরিস্থিতি - এটা দ্বারা বোঝায় যে কর্মস্থলে সংঘর্ষের কারণে কিংবা যেখানে রাজনৈতিক পরিস্থিতি ভারসাম্যহীন অথবা কোনো এলাকা দুর্নীতিগ্রস্ত বা চরম দারিদ্র্যে ভুগছে বা প্রাকৃতিক দুর্যোগ দ্বারা আক্রান্ত, সেখানে সম্ভাব্য যেসকল অবমাননা ঘটে থাকে। উপযুক্ত শ্রম এই ঝুঁকি পরিস্থিতিকে অতিক্রম করতে সাহায্য করতে পারে। যদি কর্মীদের নিয়মিত মজুরি না দেয়া হয় কিংবা সভা করার স্বাধীনতা না দেয়া হয়, তাহলেই এই সম্ভাব্য অবমাননার ঘটনা ঘটে থাকে। এই ঝুঁকি পরিস্থিতির সমাধানের জন্য একটি প্রতিষ্ঠানের বিশেষ যত্নশীল হওয়া উচিত।

৩. দুর্কর্ম বর্জন করা - প্রতিষ্ঠানসমূহ ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবেও কোনো প্রকার অন্যায় কর্মকাণ্ডে জড়াবে না যা মানুষ এবং পরিবেশকে প্রভাবিত করতে পারে।
৪. অসন্তুষ্টি সমাধান করা - এটা খুবই গুরুত্বপূর্ণ একটি ইস্যু কারণ যখন মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে, তখন যদি অসন্তুষ্টির সমাধান করা যায়, তবে সেটাই মানবাধিকারকে রক্ষা করতে পারে। অসন্তুষ্টি সমাধানের একটি পদ্ধতি থাকলে তা অসন্তুষ্টির একটি প্রতিকারও দেয়। সুতরাং, প্রতিটি প্রতিষ্ঠানেরই অসন্তুষ্টি সমাধানের আদর্শ পদ্ধতি থাকা উচিত।
৫. বৈষম্য এবং সমাজের অরক্ষিত কোন দল - সমাজের অরক্ষিত দলগুলোর প্রতি বৈষম্যমূলক আচরন না করার ব্যাপারে প্রতিষ্ঠানসমূহের সাবধান থাকা উচিত। একটি সাধারণ উদাহরণ হচ্ছে একই কাজের জন্য পুরুষের চাইতে নারীকে কম মজুরি দেয়া; কাজের জন্য অধিক যোগ্যতাসম্পন্ন হওয়া সত্ত্বেও প্রতিবন্ধী মানুষদের কাজে না নেয়া।
৬. নাগরিক ও রাজনৈতিক অধিকার - নিরাপত্তা, মর্যাদাপূর্ণ জীবনের অধিকার এবং ধর্মের স্বাধীনতার প্রতি প্রতিষ্ঠানগুলোকে শ্রদ্ধাশীল থাকতে হবে।
৭. অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার - কর্মীদের বেতন কাঠামো তৈরি করার সময় প্রতিষ্ঠানসমূহের খেয়াল রাখতে হবে যাতে করে কর্মীরা তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও সামাজিক নিরাপত্তার মতো মৌলিক চাহিদাসমূহ মেটাতে পারে।
৮. মূলনীতি এবং কর্মক্ষেত্রে অধিকার - কর্মক্ষেত্রে সমিতির স্বাধীনতা, সকল ধরণের জোরপূর্বক শ্রম বর্জন করা, শিশু শ্রম বর্জন এবং অবৈষ্যমের মতো মৌলিক অধিকারের ব্যাপারে সংগঠনসমূহের যত্নশীল হওয়া উচিত। ট্রেড ইউনিয়নের অভাব একটি খাতে শ্রমিক অসন্তোষ সৃষ্টি করতে পারে কারণ শ্রমিকদের আইনসম্মত অসন্তুষ্টিসমূহ ব্যবস্থাপনা পরিষদে উত্থাপন করার জন্য ফোরাম থাকে না। বাংলাদেশে একটি কার্যকরী গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন থাকাটা খুব জরুরি।

বাংলাদেশের তৈরি পোশাক শিল্প খাত সফলভাবে তাদের কারখানা থেকে শিশু শ্রম বর্জন করেছে।

শ্রম অনুশীলন

সামাজিক দায়িত্বশীলতার মূল ধারণা হচ্ছে যে সংগঠন বা কারখানা/শিল্প প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠান সমূহ সমাজের ভালোর জন্য কাজ করবে। একটি প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত সকল ধরণের কর্মকাণ্ড, নিয়ম ও তার ব্যবহার 'শ্রম অনুশীলন' দ্বারা সংজ্ঞায়িত হয়। সামাজিক দায়িত্বশীলতার কথা যখন চিন্তা করা হয়, তখন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের সবাইকেই সমাজেরই অন্তর্ভুক্ত বলে মনে করা হয়। সে কারণেই ইন্টান্যাশনাল স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন (আইএসও) তাদের বিশ্বব্যাপী মান আইএসও ২৬০০০-এ সামাজিক দায়িত্বশীলতার একটি মূল বিষয় হিসেবে শ্রম অনুশীলনকে অন্তর্ভুক্ত করেছে। শ্রম অনুশীলনের পাঁচটি ইস্যু হচ্ছে -

ফলে, এই সকল কর্মকান্ড ও নিয়ম কেবলমাত্র প্রতিষ্ঠানের কর্মীদের জন্যই প্রযোজ্য নয়, বরং সাপ্লাই চেইনের সাথে জড়িত সকলেই, যেমন সাবকন্স্ট্রাক্টর বা কোন তৃতীয় পক্ষের সরবরাহকারীর জন্যও প্রযোজ্য।

সামাজিক দায়িত্বশীলতা কর্মস্থলের ভিত্তি তৈরি করে। একটি প্রতিষ্ঠানকে সামাজিকভাবে

দায়িত্বশীল হতে হলে এর নিয়ন্ত্রণ ব্যবস্থা ও ব্যবস্থাপনা পর্যায়ে তাদের কর্মকর্তা-কর্মচারীদের মানব সম্পদ হিসেবে মর্যাদা দিতে হবে। ন্যায্য কর্মপরিবেশ দেয়া, কর্ম নিরাপত্তার একটি পরিমাপ, প্রতি মাসে ঠিক সময়ে ন্যায্য মজুরি প্রদান, কর্মী উন্নয়ন কর্মসূচী এবং কার্যকরী কর্মী ব্যবস্থাপনা যোগাযোগ এসকল সহযোগিতা কর্মীর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের নিশ্চয়তা বিধান করতে পারে।

কর্মস্থলে সম্পর্ক

কর্মস্থলে পরিস্থিতি এবং সামাজিক প্রতিরোধ

সামাজিক সংলাপ

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা

কর্মস্থলে মানব উন্নয়ন এবং প্রশিক্ষণ

বাংলাদেশের গার্মেন্ট ও টেক্সটাইল খাতে যদি সক্রিয় অংশগ্রহণকারী কমিটি গঠন করা যায়, তবে আশা করা যায় যে বাংলাদেশেও কার্যকর মালিক শ্রমিক সম্পর্ক প্রতিষ্ঠিত হবে। যেখানে ব্যবস্থাপক ও শ্রমিক সম্মত প্রতিনিধির মাধ্যমে একে অপরের সাথে মত বিনিময় করতে পারে এবং তাদের চাহিদার কথা জানাতে পারে।^৭

একজন সামাজিকভাবে দায়িত্বশীল কর্মী পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পালন ও উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করবে। কর্মপরিবেশ হওয়া উচিত নির্বাণ্ডুগট, নিরাপদ ও স্বাস্থ্যকর। যাতে করে কোনোরকম অস্বাচ্ছন্দ্য বা ঝুঁকি ছাড়াই কর্মীরা কার্যকরভাবে কাজ করতে পারে। যেখানে বিপদজনক বা বিষাক্ত সরঞ্জাম ব্যবহার করা হচ্ছে, সেখানে এই ব্যাপারে আরো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা উচিত, যাতে করে কর্মীগণ কিংবা স্থানীয় জনগন বিরূপভাবে প্রভাবিত না হয়। কর্মীদের অবশ্যই প্রতিরোধক পোশাক দেয়া উচিত এবং সেই সাথে ব্যক্তিগত প্রতিরোধক সরঞ্জাম যেমন- অ্যাপ্রন, গ্লাভস, মাস্ক, স্কেফটি গ্লাস, গগলস অথবা চোখের সুরক্ষার জন্য ফেস শিল্ড থাকা উচিত। কারখানায় একটি ভালো অগ্নি আবিষ্কারক এবং নির্গমন পদ্ধতি থাকা উচিত। বড় কারখানাগুলো ইলেক্ট্রিক ফায়ার ডিটেক্টর ও ফায়ার অ্যালার্ম ব্যবহার করতে পারে এবং আগুন লাগলে অবস্থা প্রতিকূলে আনার জন্য স্বয়ংক্রিয় পানি ছিটানোর পদ্ধতি থাকতে পারে। ছোটো কারখানাগুলোতে আগুন লেগেছে কিনা তা বোঝার ব্যাপারটা কর্মীর পর্যবেক্ষণের ওপরেই নির্ভর করে; সেই সাথে হস্তচালিত বিপদ সংকেত দেয়া হয় ও আগুন নিয়ন্ত্রণে আনতে ও প্রশমন করতে বালতি দিয়ে পানি ছিটানো হয় বা বালু দেয়া হয়।

কর্মী উন্নয়ন আরেকটি গুরুত্বপূর্ণ ইস্যু। মালিকপক্ষের উচিত তাদের কর্মচারীদের পূর্ণ যোগ্যতায় উন্নীত করতে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা। কর্মী উন্নয়নের মধ্যে অন্তর্ভুক্ত থাকে, কর্মস্থলে

^৭ বাংলাদেশ শ্রম আইন - ২০০৬, ধারা ২০৫

অথবা বাইরের প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণ নেয়ার সুযোগ। কর্মী উন্নয়ন সুপ্ত বা আংশিক ব্যবহৃত যোগ্যতাকে সম্পূর্ণভাবে উন্নীত করতে সাহায্য করে - যা একজন কর্মী এবং নিয়োগকর্তা উভয়ের জন্যই কল্যাণকর। মালিক ও কর্মীর মধ্যে সম্পর্ক উন্নয়নেও এটা যথেষ্ট সাহায্য করে এবং কর্মী তার কর্মস্থলে আরো উজ্জীবিত বোধ করবে।

সামাজিক সংলাপের ধারণাটি একটি উত্তম শ্রম অনুশীলন হিসেবে ধরা হয়, কারণ এটি সরকার, মালিক, প্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য থিঙ্ক ট্যাঙ্ক - সকলের মতামতকে বিবেচনা করে এবং আলোচনার মাধ্যমে একটি সিদ্ধান্তে পৌঁছতে চেষ্টা করে। তৈরি পোশাক কারখানা খাতে কতিপয় অনিশ্চিত এবং সংহতিনাশক ঘটনাপ্রবাহ স্টেকহোল্ডারদেরকে এই অস্থিতিশীল ঘটনা নিরসনের কথা চিন্তা করতে বাধ্য করেছে। এখানে, সামাজিক সংলাপের ধারণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

বাংলাদেশে কর্মস্থলে অগ্নি নিরাপত্তা নিয়ে ২০১৩ সালের ১৫ জানুয়ারি শ্রম ও কর্ম মন্ত্রণালয় এবং আইএলও'র মধ্যে যুক্তভাবে একটি ত্রিপাক্ষিক সভা হয়। এই সভায় অগ্নি নিরাপত্তার জন্য একসাথে মিলে একটি জাতীয় ত্রিপাক্ষিক কার্য পরিকল্পনা তৈরি করতে তারা সম্মত হয়, যার লক্ষ্য হবে সর্বাত্মক কার্যসম্পাদনের মাধ্যমে ভবিষ্যতে কর্মস্থলে কোনো প্রকার অগ্নি-সংযোগ বা অগ্নি-সংক্রান্ত দুর্ঘটনার কারণে মৃত্যুর ঝুঁকি দূর করা, অঙ্গহানি ও সম্পদের ক্ষতি রোধ করা।^৮

একটি পশ্চিমা রিটেইল ব্র্যান্ড বাংলাদেশে তাদের সোর্স ফ্যাক্টরিগুলোতে একটি 'অগ্নি নিরাপত্তা কৌশল' কর্মসূচী শুরু করেছে। তারা বিভিন্ন বিশেষজ্ঞ, বিজিএমইএ, বিকেএমইএ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিনিধির সাথে আলোচনা করে তারা অগ্নি নিরাপত্তার জন্য নির্দেশিকা বের করেছে। এই আলোচনায় এমন কি সোর্স ফ্যাক্টরিসমূহ এবং শ্রম আন্দোলনকারীদের মধ্য থেকেও প্রতিনিধিদেরকেও অন্তর্ভুক্ত করা হচ্ছে, যাতে তাদের কর্মীদের মতামতও পাওয়া যায়।

পরিবেশ

প্রতিটি প্রতিষ্ঠানের একটি দায় থাকে যে তারা এমনভাবে কাজ করবেন যা পরিবেশগতভাবে বন্ধুত্বপূর্ণ। গাছ লাগিয়ে কোনো একটি রাস্তার মোড়-এর সৌন্দর্য্যবর্ধন করা কিংবা গাছ লাগানোর জন্য টাকা দেয়া বেশ ভালো একটা কাজ, কিন্তু সেটা পরিপূর্ণভাবে পরিবেশগত সামাজিক দায়িত্বশীলতা পালনকে প্রতিনিধিত্ব করে না। বরং এগুলো হচ্ছে কোম্পানির নেয়া স্বল্পমেয়াদী পরিবেশ উন্নয়ন কর্মসূচী। সামাজিক দায়িত্বশীলতার দৃষ্টিকোণ থেকে, কাঁচামালের উৎস থেকে শুরু করে কারাখানা জাত হবার পর তা সরবরাহকারী প্রতিষ্ঠানের মাধ্যমে ক্রেতার কাছে পৌঁছানো পর্যন্ত সমগ্র ফ্রেইম সামাজিকভাবে দায়িত্বশীল হওয়া উচিত। আইএসও ২৬০০০ নির্দেশিকায় চারটি বিষয়কে 'পরিবেশ'-এর অধীনে আলোচনা করা হয়েছে -

^৮ [http://www.daily-sun.com/index.php?view=details&archiev=yes&arch_date01-02-2013&type=No forced-labour-in-Bangladesh&pub_no=396&cat_id=1&menu_id=3&news_type_id=1&index=13](http://www.daily-sun.com/index.php?view=details&archiev=yes&arch_date01-02-2013&type=No%20forced-labour-in-Bangladesh&pub_no=396&cat_id=1&menu_id=3&news_type_id=1&index=13)

১. দূষণ প্রতিরোধ - বর্জ্য দূষণ কমানো, বাতাসে দূষণীয় উপাদানকে বের করে দেয়া থেকে বিরত থাকা, বর্জ্য পুকুর, নদী কিংবা স্থানীয় লোকালয়ে ফেলে দেয়া থেকে বিরত থাকা এবং শব্দ দূষণ কমানো, এইসব উদাহরণ একটি ভালো ব্যবসার চেতনা তৈরি করে। দেশের পরিবেশ রক্ষা ও উন্নয়নে অনেক ভালো উদ্যোগের উদাহরণ বাংলাদেশের আছে। ঢাকার ট্যাক্সি, বাস এবং তিন-চাকার বাহনকে সিএনজি-তে পরিবর্তিত করাটা একটি দূরদৃষ্টিসম্পন্ন এবং পরিবেশবান্ধব উদ্যোগ ছিলো। যাই হোক, আমাদের কিছু অপ্রীতিকর উদাহরণও আছে। যেমন, দেখা যায়, বিভিন্ন কারখানা থেকে নির্গত বর্জ্য পানি আশেপাশের লোকালয়ের পুকুরে বা নদীতে ফেলা হয় এবং সেই পানি দিয়েই স্থানীয় লোকজন গৃহস্থালী কাজকর্ম করে। সুতরাং, প্রতিটা কারখানারই কর্তব্য হচ্ছে সকল তরল ও গ্যাসীয় বর্জ্যকে ফেলে দেয়ার আগে পরিষ্কৃত করা, যান্ত্রিক প্রক্রিয়ার পরিচালনার ক্ষেত্রে শব্দ দূষণ রোধ করা (নিষ্পেষণ বা চূর্ণণ ইত্যাদি), এবং একটি কার্যকর ইটিপি (ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট) স্থাপন করা। তৈরি পোশাক খাত, নিটওয়্যার, ফার্মাসিউটিক্যালস, ট্যানারিস এবং যেখানে রঙের কাজ করা হয় সেসব জায়গায় কার্যকর ইটিপি'র ব্যবস্থা করা এখন অপরিহার্য।
২. টেকসই সম্পদ ব্যবহার - যদিও বাংলাদেশে প্রচুর প্রাকৃতিক সম্পদ আছে, তবুও সচেতন বাবসায়ীদের উচিত এই সম্পদগুলো কিভাবে আরো বেশি দক্ষ উপায়ে ব্যবহার করা যায়, তা চিন্তা করা। যখন এসকল সম্পদের মূল্য বৃদ্ধি পায় (যেটা দ্রুত-হ্রাসমান সরবরাহের সাথে সাথে অনিবার্য), সম্পদের অল্প একটু অংশ সশ্রয় করতে পারলেও অনেক লাভ হয়। এরকম সম্পদকে সশ্রয়ীভাবে ব্যবহার করার চর্চা করতে পারলে কেবল একটি উত্তম পরিবেশই দেয় না, এটা খরচের ক্ষেত্রেও সশ্রয় বাড়াই। প্রতিষ্ঠানকে ভাবতে হবে কিভাবে স্বল্প সম্পদ ব্যবহার করে, জ্বালানী সশ্রয় করে, আরো কার্যকর পদ্ধতি অবলম্বন করে যে সব জিনিস একবার ব্যবহার করা হয়েছে তা পুনরায় ব্যবহার করার উপায় বের করে এবং বর্জ্য পুনর্ব্যবহার করে প্রতিষ্ঠানের উৎসাহকে কিভাবে আরো দীর্ঘমেয়াদী করা যায়।

রিড কনসালটিং বাংলাদেশ লিমিটেড এবং অন্যান্য কনসালটিং যুক্ত হয়ে ফার্ম টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে ওয়েট প্রেসেস-এর জন্য 'ক্রিনার প্রোডাকশন' নামে একটি কর্মসূচী সূচনা করেছে। আইএফসি-এসইডিএফ এর এই উদ্যোগ টেক্সটাইল কারখানাগুলোকে অকার্যকারিতা চিহ্নিত ও ত্রুটিমুক্ত করতে সাহায্য করে, যাতে করে করণীয় কাজ আরো মসৃণ, মিতব্যয়ী এবং পরিবেশ বান্ধব হয়। যখন কারখানাগুলো ঘন রঙ্গিন পানি ফেলে, তখন ব্যয়বহুল কেমিক্যাল-এর অপচয় হয়। রঙ করার প্রক্রিয়ায় সঠিক পরিমাণ কেমিক্যাল এর ব্যবহার পরিবেশকে রক্ষা করে এবং মুনাফা বাঁড়ায়।


৩. জলবায়ু পরিবর্তন মোকাবেলা ও খাপ খাইয়ে নেয়া - বিশ্বের বৃহত্তম পরিবেশজনিত সমস্যা হিসেবে জলবায়ু পরিবর্তন ব্যাপকভাবে চিহ্নিত এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলস্বরূপ সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটি। বাংলাদেশের একার পক্ষে এটা সমাধান করা সম্ভব নয়, তবে অতিরিক্ত জ্বালানীর ব্যবহার জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী। ফলে ক্ষয়যোগ্য জ্বালানীর ব্যবহার কমানো, সৌর শক্তি ও

বায়ু শক্তির ব্যবহার সামাজিকভাবে দায়িত্বশীলতা বাড়ায় এবং খরচের দিক থেকেও সাশ্রয়ী করে।

- পরিবেশ রক্ষা এবং প্রাকৃতিক আবাসন পুনরুদ্ধার - বাংলাদেশ অধিক জনসংখ্যাবহুল একটি দেশ, একই সাথে এর জনসংখ্যার ঘনত্বও বেশি। ফলে, বন, পুকুর এবং নদীর ওপর অনিবার্য চাপ পড়ছে। কিন্তু, শিল্পখাতের প্রয়োজনে এসকল সম্পদ নষ্ট করাটা মোটেই ঠিক নয় কেননা পরিবেশ ওপর এর ব্যাপক প্রভাব পড়ছে। সামাজিকভাবে দায়িত্বশীল বাংলাদেশী নাগরিককে অবশ্যই প্রাকৃতিক আবাসন লালন ও পুনরুদ্ধার করতে হবে এবং ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে পরিবেশকে রক্ষা করতে হবে।

ন্যায্য পরিচালনা ব্যবস্থা

ন্যায্য পরিচালনা ব্যবস্থা বলতে বোঝায় প্রতিষ্ঠান ও এর বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে ন্যায্য বা নৈতিক আচরণ করা, যার মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছে প্রতিষ্ঠান ও সরকারি সংস্থাগুলোর মধ্যকার সম্পর্ক, একই সাথে প্রতিষ্ঠান ও তার অংশীদার, সাপ্লাইয়ার, ঠিকাদার, ক্রেতা, প্রতিদ্বন্দ্বি এবং তারা যেসকল সংগঠনের সদস্য তাদের মধ্যবর্তী সম্পর্ক। যখন প্রতিষ্ঠানগুলো সং ও ন্যায্যসঙ্গতভাবে পরস্পরের সাথে কাজ করে, তখন নিম্নের পরিচালনা অনুশীলনগুলো কার্যকর হওয়া সম্ভব:



দুনীতি হচ্ছে একটি অন্যায় কাজ যা অসমীচীন প্রাপ্তির জন্য মানুষ করে থাকে এবং দায়িত্ববোধ-এর অভাব, লোভ, ব্যক্তিগত আগ্রহ, কিছু না করেই ধনী হবার ইচ্ছা, অপরিপাক্ষিত দক্ষতাসম্পন্ন ব্যক্তির উচ্চাভিলাষ এবং ধনলিপ্সা এই অন্যায় কাজে একজন ব্যক্তিকে উদ্বুদ্ধ করে।^১ বাংলাদেশী পাবলিক-প্রাইভেট কোম্পানিসমূহ এবং ইন্সটিটিউটগুলোর দুনীতি রোধ করতে বিশেষ যত্নশীল হতে হবে। প্রতিটি কোম্পানিরই নিজস্ব দুনীতি দমন নীতি থাকা উচিত যাতে নিষিদ্ধ কর্মকাণ্ড-কে চিহ্নিত করে সেসকল দুনীতিতে যুক্ত থাকার শাস্তির তালিকা থাকবে এবং সকলের ক্ষেত্রেই এই নীতি কড়াকড়িভাবে মানা উচিত।

^১ <http://www.humanrights.asia/resources/journals-magazines/article2/0901/08anti-corruption-mechanisms-in-bangladesh>

প্রতিষ্ঠানের কখনোই উচিত না নির্বাচিত প্রতিনিধিদের কাছ থেকে অযৌক্তিক প্রভাব পাওয়ার চেষ্টা করা অথবা গোপনে সাধারণ রাজনৈতিক প্রক্রিয়াগুলোর ক্ষতিসাধন করা। লবিয়িং, সামাজিক দায়িত্বশীলতার সাথে সঙ্গতিপূর্ণ হতে পারে কিন্তু বাংলাদেশের সাপেক্ষে এটা ট্রেড অ্যাসোসিয়েশন কিংবা চেম্বার অব কমার্স এর হাতে ছেড়ে দেয়াই উত্তম।

ন্যায্য প্রতিদ্বন্দ্বিতা বলতে এমন মুক্ত প্রতিদ্বন্দ্বিতা বোঝায় যেখানে প্রতিষ্ঠানগুলো সঠিক মূল্য দেখায় এবং পণ্যের এমন দাম নির্ধারণ করে না যার ফলে অন্যান্য প্রতিদ্বন্দ্বিতা বাজার থেকে সরে যেতে বাধ্য হয়।

তাছাড়াও, ন্যায্য ক্রিয়াকলাপ অনুশীলন শুধুমাত্র প্রতিষ্ঠানের ভেতরেই প্রযোজ্য নয়, বরং, সাপ্লাই চেইনের মধ্য দিয়েও এর চর্চা হওয়া উচিত। একটি দায়িত্বশীল প্রতিষ্ঠানের কর্তব্য কেবল শিশু শ্রম বর্জন নয়, সচেতনভাবে এটা দেখাও যে তাদের সাপ্লাই চেইনের কোথাও কোনো শিশু নিয়োজিত আছে কি না।

প্রতিটা প্রতিষ্ঠানকেই প্রকৃত সম্পত্তির অধিকার, যেমন কপিরাইট, পেটেন্ট ইত্যাদি অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া উচিত।

ভোক্তাদের সমস্যা

ক্রেতাদের জন্য ভালো মানের পণ্য বা সেবার বন্দোবস্ত করা, এমনকি বিক্রয়ের পরেও পণ্য সংক্রান্ত কোনো সমস্যার সমাধান কিংবা গ্যারান্টির ক্ষেত্রে সেই সেবা বজায় রাখা বিশ্বস্ত ক্রেতা তৈরি করে ও কোম্পানির খ্যাতি ও মুনাফা বাড়াতে সাহায্য করে। আইএসও ২৬০০০ এর সাতটি ইস্যুর মাধ্যমে সুস্পষ্ট ধারণা পাওয়া যায় যে ভোক্তার ভালো মানের পণ্য পাওয়ার অধিকার আছে এবং যদি কখনো তাদের অসন্তোষজনক পণ্য বা সেবা সরবরাহ করা হয়, তবে তাদের পুনরায় ভালো মানের পণ্য বা সেবা সরবরাহ করতে হবে।

১. ন্যায্য বাজারজাতকরণ, সঠিক ও পক্ষপাতহীন তথ্য এবং ন্যায্য চুক্তিমূলক অনুশীলন - নিজেদের পণ্য ও সেবা সম্পর্কে পরিপূর্ণ ও সুস্পষ্ট তথ্য দেয়াটা প্রতিষ্ঠানের একটি কর্তব্য যাতে করে সম্ভাব্য ক্রেতা ও ভোক্তারা ক্রয় সংক্রান্ত সুবিবেচিত সিদ্ধান্ত নিতে পারে।
২. ভোক্তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা - সামগ্রিক সামাজিক দায়িত্বশীলতা ভোক্তা প্রতিপালনের আইনকেও ছাপিয়ে যায়। নির্দিষ্টভাবে এটা তখনই প্রযোজ্য হয় যখন সমাজের অরক্ষিত কোন অংশ, যেমন শিশুরা, যারা তাদের চারপাশের নিত্য ব্যবহার্য পণ্যগুলোর অপব্যবহারের বিপদ সম্পর্কে নিতান্তই কম জানে। সুতরাং, ভোক্তাদের নিরাপত্তার কথা মাথায় রেখে পণ্যের নকশা করাটা প্রতিষ্ঠানেরই কর্তব্য। সেই সাথে ভোক্তাদের সাবধান করে দেয়াও, যেমন, বিজ্ঞাপন বা প্যাকেজিং এর ক্ষেত্রে কিভাবে পণ্যটির ব্যবহার নিরাপদ এবং অপব্যবহার হলে কি কি বিপদ হতে পারে তা চিহ্নিত করে দেয়া।

বাংলাদেশে ভোক্তা অধিকার প্রতিপালন আইন^{১০} ভেজাল বা নকল পণ্য বিক্রয়, পরিমাপ বা মূল্য নিয়ে গরমিল করার জন্য ৩ বছর পর্যন্ত কারাদণ্ড ও ২ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা ধার্য করে। তারপরও বিবেকহীন ব্যবসায়ীরা টাটকা মাছে বিষাক্ত ফরমালিন মেশানো থেকে বিরত হয় না।

৩. সশরী ভোগ - প্রতিষ্ঠানের কর্তব্য হচ্ছে সশরী ভোগ সম্পর্কে ভোক্তাদের সচেতন করা যাতে তারা সেই তথ্যসাপেক্ষে ক্রয় সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারে এবং একটি টেকসই জীবনযাত্রা নির্বাচন করতে পারে। যেমন, স্টারবাক শতভাগ ন্যায্য-বাণিজ্যের অভিজ্ঞান পাওয়া কফি বিক্রি করে এবং দোকানের পোস্টার ও ফ্লায়ারস এর মাধ্যমে ক্রেতাদের ন্যায্য-বাণিজ্যের অর্থ সম্পর্কে জানায়।^{১১}
৪. ভোক্তাদের সেবা, সমর্থন ও বিরোধ সমাধান - ভোক্তাদের কাছে পণ্য বিক্রয় বা সেবা দানের পরও প্রতিষ্ঠানের কিছু দায়িত্ব থাকে। তার মধ্যে পড়ে বিশেষায়িত পণ্যের ক্ষেত্রে, সেলস ওয়ারেন্টি ও শর্তসাপেক্ষে পণ্য ফেরত দেয়া। পণ্য সম্পর্কিত কোনো সমস্যা বা বিতর্কের সমাধানের জন্য কিংবা ক্রেতার সাথে স্পষ্ট যোগাযোগ বিধানের জন্য একটি সুস্পষ্ট ও বোধগম্য প্রক্রিয়া থাকা উচিত।
৫. ভোক্তাদের তথ্যের সুরক্ষা ও গোপনীয়তা - ভোক্তার ব্যক্তিগত তথ্য আগলে রাখাটা শুধুমাত্র আইন মানার জন্যই করা হয় না, বরং এটা একটি ভালো ব্যবসায়িক চর্চা। যদি ভোক্তাদের মনে সন্দেহ জাগায় যে প্রতিষ্ঠানটি তাদের তথ্য রক্ষিত রাখছে না, যেমন, তাদের ব্যক্তিগত তথ্য অন্যের কাছে বিক্রি করে দেয়া হচ্ছে, সেই প্রতিষ্ঠানটির প্রতি তাদের বিশ্বাস ভঙ্গ হয়ে যাবে ও ব্যবসাটি লোকসানে পড়ে যাবে।
৬. জরুরি সেবার সুযোগ - যেসকল প্রতিষ্ঠান জরুরি সেবা প্রদান করে, যেমন গ্যাস, বিদ্যুৎ, পানি, পয়ঃনিষ্কাশন, তাদের হঠাৎ করে সেবা বন্ধ করে দিতে পারবে না। ভোক্তাদের যথেষ্ট সময় দিতে হবে যাতে করে তারা সেবার মূল্য পরিশোধ করতে পারে, বিবাদ সমাধানের প্রক্রিয়াও স্পষ্ট হতে হবে ও তাদের সমগ্র কার্যধারা পূর্ণ করার সুযোগ দিতে হবে এবং সবশেষে যে কোনো সংযোগ বিচ্ছিন্ন করার আগে তাদের যথেষ্ট সময় দিতে হবে।
৭. শিক্ষা ও সচেতনতা - ভোক্তারা যেসব পণ্য কিনছে তার অপব্যবহারজনিত কোনো প্রকার সম্ভাব্য বিপদ থাকলে সেই সম্পর্কে তথ্য দেয়াটা প্রতিষ্ঠানসমূহের নৈতিক দায়িত্ব।

^{১০} ভেজাল ও নকল পণ্য বিক্রয় সংক্রান্ত ভোক্তা অধিকার প্রতিপালন আইন, ২০০৯।

<https://lawlib.wlu.edu/lexopus/works/297-1.pdf>

^{১১} <http://goodsense.nu/2010/03/06/4242/>

জনগনের বা সমাজের একটি গোষ্ঠীর অংশগ্রহণ ও উন্নয়ন

বাংলাদেশে জনগনের বা সমাজের একটি গোষ্ঠীর উন্নয়নের জন্য কাজ করার ক্ষেত্রটি বেশ ভালোভাবে বিকশিত; পারতপক্ষে, অনেক প্রতিষ্ঠানই একে সিএসআর এর সারসংক্ষেপ হিসেবে মনে করে। এই ভুল ধারণা আরো দৃঢ় হচ্ছে যখন দেখা যাচ্ছে জাতীয় আয়কর বোর্ড^{২২} (এনবিআর) যে সকল কোম্পানি কোনো ভালো কাজের জন্য অনুদান দিচ্ছে, তখন তাদের সেই কাজকে সিএসআর বলে তাদের কর মওকুফ করে দিচ্ছে।

বাংলাদেশের অনেক ব্যাংক সিএসআর খরচ হিসেবে নিম্ন আয়ের পরিবারসমূহের শিক্ষার্থীদের পড়া-লেখায় সাহায্য করা প্রকল্পকে দেখায়। ২০১১ সালে এই খরচের অংকটি ছিলো ৬০০ মিলিয়ন টাকা।^{২৩}

আইএসও ২৬০০০ কে মেনে চলার জন্য প্রতিষ্ঠানসমূহের উচিত জনগনের সাথে আলোচনা করা এবং স্থানীয় সরকার, প্রশাসন ও প্রতিনিধিদের সাথে একটি সন্দেহহীন/সহজবোধ্য সম্পর্ক বজায় রাখা। স্থানীয় জনগনের সাথে নিয়মিত যোগাযোগ রাখলে একটা সুসম্পর্ক তৈরি হবে এবং পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি পাবে।

কিছু প্রতিষ্ঠান স্থানীয় শিক্ষাব্যবস্থায় সহায়তা করে এবং এভাবে তারা নিরক্ষরতাহ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অন্যান্য যেসব ক্ষেত্রে প্রতিষ্ঠানগুলো ভূমিকা রাখতে পারে, তা হলো স্বাস্থ্য শিক্ষা, গ্রামের স্কুলগুলোতে কম্পিউটারের ব্যবস্থা করা, দক্ষতা বৃদ্ধিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং অবশ্যই স্থানীয় জনগনকে ভালো কাজের সুযোগ করে দেয়া, যাতে করে তারা দারিদ্র্যের সাথে লড়াইতে পারে ও আত্মসম্মান বাড়াতে পারে।

^{২২} <http://www.nbr-bd.org>

^{২৩} Bangladesh Bank, 'Review of CSR initiatives of banks - 2011'



আইএসও ২৬০০০ বাস্তবায়ন করার বিভিন্ন ধাপ

যখন একটি প্রতিষ্ঠান আইএসও ২৬০০০ বাস্তবায়ন করতে শুরু করবে, তখন সেখানে ভুল বোঝাবুঝি শুরু হওয়ার সম্ভাবনা থাকতে পারে। সে কারণে নির্ভরযোগ্য ব্যক্তিকে নিয়োগ দেয়াটা খুব জরুরি; একই সাথে সকলের ভূমিকা এবং প্রতিষ্ঠানটি কি নিয়মে অগ্রসর হবে সেই বিষয়টিও সবাইকে জানিয়ে রাখা ভালো। ফলে, সকলের সমর্থন নিশ্চিত হবে এবং সকলে সম্পূর্ণ ও স্বচ্ছভাবে তাদের কার্য সম্পাদন করতে পারবে। আইএসও ২৬০০০ কার্যকর করার ক্ষেত্রে একটি প্রতিষ্ঠান যে সকল সহজ ধাপ অনুসরণ করতে পারেন, এই অধ্যায় সেসব নিয়েই আলোচনা করা হবে। ধাপগুলো হলো* -

১. সাতটি মূল বিষয়ের মধ্যে কোনগুলো প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেটা চিহ্নিত করা।
২. স্টেকহোল্ডারদের চিহ্নিত করা ও খুঁজে বের করা কি বিষয়ে তাদের আগ্রহ এবং তারা প্রতিষ্ঠানের কাছে কি আশা করে।
৩. একটি স্টেকহোল্ডার প্যানেল গঠন করা।
৪. প্রতিষ্ঠানের জন্য কি কি সঙ্গত ও তাৎপর্যপূর্ণ তা খুঁজে বের করা।
৫. উল্লেখযোগ্য সামাজিক দায়িত্বশীলতা ইস্যুসমূহের জন্য একটি কার্য সম্পাদন পরিকল্পনা করা।
৬. কর্মকাণ্ডসমূহ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা।
৭. স্টেকহোল্ডার প্যানেলের কাছে অগ্রগতির প্রতিবেদন পেশ করা এবং নিয়মিত মতামত পাওয়ার জন্য যোগাযোগ রাখা।
৮. আত্ম-সমীক্ষণ, ক্ষমতার পর্যায়, সঙ্গতি ও তাৎপর্য, প্রয়োজনবোধে পরিকল্পনার উন্নয়ন সাধন এবং যোগাযোগ রক্ষার ধাপসমূহের পুনরাবৃত্তি করা।

* A User Guide prepared by Michelle S. Bernhart and Francis J. 'Sonny' Maher - এই বইটির আলোকে ধাপ গুলো তৈরী করা হয়েছে

আইএসও ২৬০০০-কে কার্যকর করা ও কর্মীদের সামাজিক দায়িত্বশীলতা অনুশীলনের জন্য উৎসাহিত করার জন্য উচ্চ ব্যবস্থাপনা বিভাগকে উদ্যোগী হতে হবে। প্রথমত তাদেরকে আইএসও ২৬০০০ এর নির্দেশনাসমূহ পড়তে হবে যাতে করে তারা সামাজিক দায়িত্বশীলতার একটি ধারণা পান। এটাও বিশেষভাবে সুপারিশ করা হচ্ছে যে, মূল বিষয় ও মূলনীতিগুলোর মতো গুরুত্বপূর্ণ বিভাগসমূহ যেন প্রতিষ্ঠানের সকল কর্মীর জন্য বাংলায় অনুবাদ করা হয়। যাতে তারা সামাজিক দায়িত্বশীলতা বাস্তবায়নের ক্ষেত্রে যুক্ত হতে পারে।

ধাপ-১: সাতটি মূল বিষয়ের মধ্যে কোনগুলো প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেটা চিহ্নিত করা

প্রথম যে ধাপটি প্রতিষ্ঠানকে নিতে হবে তা হলো সামাজিক দায়িত্বশীলতার মূল বিষয়গুলোর সাথে প্রতিষ্ঠানের তুলনামূলক আলোচনার মাধ্যমে বর্তমান অবস্থা চিহ্নিত করা। আত্ম-সমীক্ষণ এখানে গুরুত্বপূর্ণ কারণ এটা প্রতিষ্ঠানকে কৌশলের সাথে ও পদ্ধতিগতভাবে ভাবতে সাহায্য করে। সামাজিক দায়িত্বশীলতা একটি বিস্তীর্ণ বিষয় যা পরিবেশ, শ্রমিক, ক্রেতা, সরবরাহকারী ও বিভিন্ন স্টেকহোল্ডারের প্রতি গুরুত্ব আরোপ করে। সামাজিক দায়িত্বশীলতা কার্যকর করার ক্ষেত্রে স্টেকহোল্ডারদের সামাজিক দায়িত্বশীলতা সংক্রান্ত সিদ্ধান্ত প্রণয়নে সংযুক্ত থাকতে হবে। ফলে, এই সকল ক্ষেত্রে সামাল দিতে হলে একটি প্রতিষ্ঠানকে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হবে।

এই 'আইএসও ২৬০০০ চেক টুল'^{১৫} একটি আত্ম-সমীক্ষণ পদ্ধতি দেখায়। প্রতিটা মূল বিষয়ের জন্য প্রতিষ্ঠানকে নিম্নোক্ত প্রশ্নগুলো জিজ্ঞেস করতে হবে -

প্রশ্ন-১: মূল বিষয়সমূহ ও এর ইস্যুগুলো কি আমার প্রতিষ্ঠানের সাথে সঙ্গত?	প্রশ্ন-২: এই ইস্যুতে আমার প্রতিষ্ঠানের কতটুকু উদ্দেশ্যসাধন হবে?	প্রশ্ন-৩: এই ইস্যুতে আমার প্রতিষ্ঠান কতটুকু কর্মকাণ্ডের দায়িত্ব নিতে পারে?
প্রশ্ন-৪: আমি কি নিশ্চিত হতে পারি যে পরিকল্পিত কর্মকাণ্ড প্রচলিত আইনের বিরুদ্ধে যাবে না?	প্রশ্ন-৫: আমার কর্মকাণ্ডের কি প্রভাব এখানে থাকবে?	প্রশ্ন-৬: এই ইস্যুতে কোন কোন স্টেকহোল্ডারদের আমি সংযুক্ত করতে পারি?
পরবর্তী কাজ: ভবিষ্যৎ ও পরিকল্পিত কর্মকাণ্ড এবং তাদের সম্ভাব্য প্রভাব মূল্যায়ন করুন		

^{১৫} গুডা গাটলার এবং ক্লুডিয়া হার্জজিয়ানি ২৬০০০ চেক টুল প্রস্তুত করেন যা এই ওয়েবসাইটে পাওয়া যাবে।
http://www.26k-estimation.com/html/the_26k-issue-tool.html

মূল বিষয়	ইস্যু	প্রশ্ন-১	প্রশ্ন-২	প্রশ্ন-৩	প্রশ্ন-৮	প্রশ্ন-৫	প্রশ্ন-৬	পরবর্তী কাজ
মানবাধিকার	উপযুক্ত পরিশ্রম							
	মানবাধিকার খুঁকি পরিস্থিতি							
	দুর্কর্ম বর্জন করা							
	অসন্তুষ্টি সমাধান করা							
	বৈষম্য এবং সমাজের অরক্ষিত কোন দল							
	নাগরিক ও রাজনৈতিক অধিকার							
	অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার							
	মূলনীতি এবং কর্মক্ষেত্রে অধিকার							

একই উপায়ে অন্য ছয়টি মূল বিষয়ের মূল্যায়ন করা যেতে পারে।

ধাপ-২: স্টেকহোল্ডারদের চিহ্নিত করা ও খুঁজে বের করা কি কি বিষয়ে তাদের আগ্রহ এবং তারা প্রতিষ্ঠানের কাছে কি আশা করে তা

স্টেকহোল্ডার বলতে কি বোঝায় - আর. এডওয়ার্ড ফ্রিম্যান-এর মতে, স্টেকহোল্ডার বলতে 'সেই সকল ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বোঝায় যারা কোনো প্রতিষ্ঠানের অর্জনকে প্রভাবিত করে বা এর দ্বারা প্রভাবিত হয়'। স্টেকহোল্ডারদের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে শেয়ারহোল্ডার, মালিক, ব্যবস্থাপক, কর্মী, সরকার, ক্রেতা, সরবরাহকারী এবং বিশেষ আগ্রহপূর্ণ অন্যান্য দল। ব্যবসার ক্ষেত্রে সকল স্টেকহোল্ডারই যে একই বিষয়ে চিন্তা করবে কিংবা একই বিষয়কে প্রাধান্য দেবে তা নয়। সময়ের সাথে সাথে স্টেকহোল্ডার ও তাদের আগ্রহের জায়গা পরিবর্তিত হতে পারে। স্থানীয় জনগন যদি পরিবেশের কি ক্ষতি হয়েছে তা নিয়ে চিন্তিত হয়, তাহলে কোম্পানির কোনো প্রতিনিধিকে তাদের মতামত শুনতে হবে ও কিভাবে অবস্থার উন্নতি সাধন করা যায় সেই উপায় খুঁজে বের করতে হবে।

স্টেকহোল্ডারের গুরুত্ব - স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের মধ্য দিয়ে একটি কোম্পানি তার ব্যবসায়িক সমসাময়িক এবং আসন্ন সামাজিক ও পরিবেশগত ইস্যুগুলো সম্পর্কে অবগত হতে পারে। স্টেকহোল্ডারদের বিভিন্ন মতামতের ভেতর দিয়ে প্রতিষ্ঠানটি নতুন কিছু শিখতে পারে এবং নতুন পণ্য উৎপাদনের সময় ঝুঁকি অনেকাংশেই কমাতে পারে। যদি কোনো কোম্পানি জরুরি চ্যালেঞ্জ-এর সম্মুখীন হয়, স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের ব্যাপারটি এদিক থেকেও মূল্যবান হতে পারে। সময়ের সাথে সাথে, একটি কোম্পানি কেবল তার ব্যবসায়িক শিষ্টাচারের মধ্য দিয়েই উন্নতি করতে ও টিকে থাকতে পারে, যেহেতু সেই আচরণগুলো সবই আইনসঙ্গত এবং স্টেকহোল্ডারদের কল্যাণের সাথে সংগতিপূর্ণ।

আইএসও ২৬০০০ নির্দেশিকায় স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণ ও সংযুক্তকরণকে যে কোনো প্রতিষ্ঠানের প্রধান দুইটি মৌলিক অনুশীলনের একটি হিসেবে ধরা হয়।

প্রতিষ্ঠানকে বিভিন্ন স্টেকহোল্ডারের আগ্রহের জায়গাটা বুঝতে হবে এবং একই সাথে এটাও বুঝতে হবে যে প্রতিষ্ঠানের নেয়া কোনো সিদ্ধান্ত কিভাবে তাদেরকে প্রভাবিত করে।

এই পদক্ষেপগুলো স্টেকহোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানের প্রতি বিশ্বাস স্থাপনে সাহায্য করবে; ঝুঁকি কমাতে এবং ভবিষ্যতের জন্য ব্যবসায় আরো সুযোগ সৃষ্টি করবে।


স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণ- বাহ্যিক এবং অভ্যন্তরীণ দুই ধরনের স্টেকহোল্ডারই আছেন।^{১৯} অভ্যন্তরীণ স্টেকহোল্ডাররা হচ্ছে কোম্পানির ভেতরেরই কোনো ব্যক্তিবর্গ যাদের কিনা কোম্পানির বিকাশের ক্ষেত্রে সরাসরি অবদান আছে। বাহ্যিক স্টেকহোল্ডাররা সেসকল ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা একটি কোম্পানির আর্থিক স্বচ্ছলতা দ্বারা প্রভাবিত হয় কিন্তু তারা আবার সরাসরি কোম্পানির অংশও নয়। প্রতিষ্ঠানটিকে চিহ্নিত করতে হবে কোন স্টেকহোল্ডার বাহ্যিক আর কে অভ্যন্তরীণ।^{২০} নিচের তালিকাটি স্টেকহোল্ডারদের সাধারণ দলগুলো দেখায়।

অভ্যন্তরীণ স্টেকহোল্ডার যারা হতে পারে -	বাহ্যিক স্টেকহোল্ডার যারা হতে পারে -
* বোর্ড সদস্য - মালিক, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক ইত্যাদি	* ক্রেতা
* ব্যবস্থাপক	* সরবরাহকারী/সাপাইয়ার
* কর্মী	* রাজনৈতিক দল
* ট্রেড ইউনিয়নের নেতা	* নিয়ন্ত্রক সংস্থা
* শেয়ারহোল্ডার	* প্রতিদ্বন্দ্বী
	* এনজিও

^{১৯} Moratis, L. & Cochius, T., 2011. ISO 26000: The Business Guide to the new Standard on Social Responsibility. UK: Greenleaf Publishing Limited

^{২০} http://www.investorwords.com/15517/internal_stakeholders.html and http://www.investorwords.com/16420/external_stakeholder.html

প্রভাব ও অগ্রাধিকারের মাত্রা - প্রত্যেক স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে কতটুকু প্রভাব বিস্তার করতে পারবে সেটা চিহ্নিত করাটাও গুরুত্বপূর্ণ। যেসকল স্টেকহোল্ডার প্রতিষ্ঠানকে প্রভাবিত করার বেশি ক্ষমতা রাখে, একটি প্রতিষ্ঠানের উচিত তাদেরকেই অগ্রাধিকার দেয়া। একটি গার্মেন্ট কারখানায় ধরে নেয়া হয় যে, প্রধান ক্রেতা হিসেবে ব্র্যান্ডগুলোই কোম্পানির সবচেয়ে প্রভাববিস্তারকারী স্টেকহোল্ডার। কর্মীদের অবদান ও প্রভাব বিস্তারের মাত্রাটাও বিবেচনায় রাখা উচিত - একজন শ্রমিকের জোরালো কঠে তার দাবি পেশ করার ক্ষমতা না-ও থাকতে পারে, কিন্তু একদল শ্রমিক সমবেত কঠে দাবি তুলতে পারে এবং অতঃপর কাজ করার তাগিদ হারিয়ে ফেলতে পারে, এমনকি কাজ করা বন্ধও করে দিতে পারে, যদি তাদের সমস্যা নিয়ে না ভাবা হয়। ফলে, স্টেকহোল্ডারদের ম্যাপিং করার সময় তাদের বিবিধ মতামতের দিকে নজর দেয়াটাও জরুরি। নিচের প্রথম ম্যাট্রিক্সটির^{১৮} সাহায্যে আপনি গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের চিহ্নিত করতে পারেন এবং দ্বিতীয় ম্যাট্রিক্স^{১৯} থেকে তাদের অংশগ্রহণ বা সহযোগিতা করার কতটুকু আগ্রহ আছে তা জানতে পারেন।



স্টেকহোল্ডারদের আগ্রহ ও চাহিদা - সাবধানতার সাথে কোম্পানির স্টেকহোল্ডারদের ম্যাপিং করার পর কোম্পানিকে চিহ্নিত করতে হবে স্টেকহোল্ডারদের আগ্রহ কোথায় এবং তাদের চাহিদা কি, বিশেষ করে সামাজিক দায়িত্বশীলতার ক্ষেত্রে। এখনই সময় বিবেচনা করার যে প্রতিষ্ঠানের সবচেয়ে প্রভাব বিস্তারকারী স্টেকহোল্ডারদের কিভাবে যোগদানে উৎসাহিত করা যায়।

ধাপ-৩: একটি স্টেকহোল্ডার প্যানেল গঠন করা ও

স্টেকহোল্ডারদের সংযুক্ত করা

এর পরের পদক্ষেপ হবে একটি স্টেকহোল্ডার প্যানেল তৈরি করা এবং যে সকল বাহ্যিক ও অভ্যন্তরীণ স্টেকহোল্ডারদের চিহ্নিত করা হয়েছে তাদের আমন্ত্রণ জানানো। এই স্টেকহোল্ডার প্যানেলের মূল উদ্দেশ্য হচ্ছে আপনার স্টেকহোল্ডারদের জন্য একটি সুযোগ সৃষ্টি করা, যাতে তারা সামাজিক দায়িত্বশীলতা সম্পর্কে কিংবা প্রতিষ্ঠানের অন্যান্য কার্যক্রম তাদের প্রভাবিত করে সেগুলো সম্পর্কে তাদের মতামতের সুযোগ সৃষ্টি করবে। স্টেকহোল্ডাররা কতটা ভালোভাবে পরস্পরের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে, সহযোগিতা করতে পারে কিংবা সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে তার ওপর এই প্যানেলের সাফল্য নির্ভর করে।

^{১৮} Source: Johnson and Scholes 1999

^{১৯} Moratis, L. & Cochius, T., 2011. ISO 26000: The Business Guide to the new Standard on Social Responsibility. UK: Greenleaf Publishing Limited

বিভিন্ন স্টেকহোল্ডার সামাজিক দায়িত্বশীলতা সম্পর্কে কি কি জানে এবং এটা তাদের কাছে কতটুকু গুরুত্বপূর্ণ, সেটা খুঁজে বের করতে হলে প্রথম পদক্ষেপ হচ্ছে তাদেরকে একটি প্রশ্নমালা পূরণ করতে বলা। প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব প্রশ্নমালার নকশা করতে হবে, এখানে একটি নমুনা প্রশ্নমালা দেয়া হলো।

১. একটি প্রতিষ্ঠান কি উপায়ে সামাজিকভাবে দায়িত্বশীল হতে পারে?
২. আমাদের দেশে সামাজিক দায়িত্ববোধ থাকাটা দরকারী কেন?
 - বাজারে প্রবেশ
 - একটি ভালো সিদ্ধান্ত, যেটা বিভিন্ন স্তরে বিস্তৃত হতে পারে, তা থেকে দীর্ঘমেয়াদী মুনাফা
 - ব্যবসার ছাড়পত্র
 - গ্রাহক ও ক্রেতার সন্তুষ্টি
 - পরিবেশ সুরক্ষিত
 - সন্তুষ্ট, আগ্রহী, পরিশ্রমী কর্মী
 - বুকিং হ্রাস ও অন্যান্য (নির্দিষ্ট করুন)
৩. যদি কোনো কারখানার কর্মী সুরক্ষাকারী পোশাক না পরে (যদিও এটা পরাটা তাদের জন্য জরুরি), আপনি কি সেই কারখানাকে সামাজিকভাবে দায়িত্বশীল মনে করবেন?
৪. সামাজিক সম্মতি ও সামাজিক দায়িত্বশীলতার মধ্যে ভিন্নতা কোথায়?
৫. ধরা যাক, একটি কোম্পানি তাদের রাসায়নিক বর্জ্য স্থানীয় পুকুর ফেলার মাধ্যমে এলাকার পানি সরবরাহকে দূষিত করেছে, আবার গরিব জনগনকে এই কোম্পানি প্রতি বছর আর্থিক সাহায্যও দিয়ে থাকে। কারখানাটি কি সামাজিকভাবে দায়িত্বশীল?
৬. আপনি কি আইএসও ২৬০০০ সম্পর্কে অবগত?
৭. নিচের কোন ক্ষেত্রে একটি কোম্পানির প্রাথমিকভাবে দৃষ্টিনিষ্ক্ষেপ করা উচিত?

প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ ব্যবস্থা	মানবাধিকার	শ্রম অনুশীলন	পরিবেশ
ন্যায্য পরিচালনা ব্যবস্থা	ভোক্তাদের সমস্যা	জনগন বা সমাজের একটি গোষ্ঠীর অংশগ্রহণ ও উন্নয়ন	

৮. স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করার সর্বোত্তম উপায় কি?
 - স্টেকহোল্ডারদের সাথে সরাসরি মিটিং এর আয়োজন করা
 - মূল ব্যক্তিগণ, যারা সামাজিক দায়িত্বশীল কর্মকাণ্ডের সাথে সংযুক্ত, তাদের সাথে সরাসরি পরামর্শ করা ও এর ফলাফল অন্যদের অবহিত করা
 - টেলিফোনে কথোপকথনের মাধ্যমে
 - ই-মেইলের মাধ্যমে
 - অন্যান্য (নির্দিষ্ট করুন)


ধাপ-৪: প্রতিষ্ঠানের জন্য কি কি সঙ্গত ও তাৎপর্যপূর্ণ তা খুঁজে বের করা

স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত ও প্রতিক্রিয়া পাবার পর প্রতিষ্ঠানকে সবচেয়ে সঙ্গত সামাজিক দায়িত্বশীল ইস্যুগুলো চিহ্নিত করতে হবে। কিছু সঙ্গত ইস্যুর^{২০} উদাহরণ নিচে দেয়া হলো -

১. চাকরি	১৩. নির্গমন, বর্জ্য পানি ও অবশিষ্ট বর্জ্য
২. নিয়োগকর্তা ও কর্মীর মধ্যকার সম্পর্ক	১৪. পণ্য ও সেবা
৩. স্বাস্থ্য ও নিরাপত্তা	১৫. পরিবহন
৪. প্রশিক্ষণ, শিক্ষা, কাজের প্রকৃতি এবং প্রতিষ্ঠান	১৬. জনসমাজ
৫. বৈচিত্র ও সুযোগ	১৭. দূর্নীতি
৬. কৌশল ও ব্যবস্থাপনা	১৮. সরকারি নীতি
৭. বৈষম্য নিষেধাজ্ঞা	১৯. ভোক্তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা
৮. একত্র করা ও সামগ্রিকভাবে দরদামের স্বাধীনতা	২০. পণ্য ও সেবার লেবেল লাগানো
৯. শিশু শ্রম নির্মূল করা	২১. বিপণন যোগাযোগ
১০. জোরপূর্বক ও বাধ্যতামূলক শ্রম রোধ করা	২২. ক্রেতার গোপনীয়তা
১১. নিরাপত্তা নীতি	২৩. কাঁচামাল
১২. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিকার	২৪. শক্তি
	২৫. পানি
	২৬. জীব বৈচিত্র
	২৭. স্থানীয় অর্থনীতি ও বাণিজ্যিক কর্মকাণ্ডে ইতিবাচক অবদান

প্রতিটি প্রতিষ্ঠানকে তাৎপর্যপূর্ণ ও সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যুটি খুঁজে বের করতে হবে। স্টেকহোল্ডার এবং প্রতিষ্ঠানসমূহের পরিপ্রেক্ষিতকে বিবেচনা করতে হবে যাতে করে উভয়ের জন্য একটি জয়ী অবস্থান অর্জন করা যায়। যেসকল স্টেকহোল্ডার বা স্টেকহোল্ডার দল বেশি প্রভাব বিস্তার করে তাদের আগ্রহকেই প্রাধান্যের সাথে বিবেচনা করা উচিত। বহু সংখ্যক স্টেকহোল্ডারের বিভিন্ন মতামতকে একসাথে জড়ো করাটাই উত্তম, কারণ তাতে একটি ভারসাম্যপূর্ণ ফলাফল পাওয়া যায়।

^{২০} এই পারফরমেন্স ল্যাডার স্ট্যান্ডার্ডটিতে পাওয়া যাবে যা কিনা ফাউন্ডেশন সাসটেইন রেসপন্সিবিলিটি প্রস্তুত করেছে।
www.mvoprestatieladder.nl/doc/CSRPerformanceLadder.pdf



উৎস: রিচার্ড ওয়েলফোর্ড - সিএসআর এশিয়া, ১৫ জুন ২০১১

ধাপ-৫: উল্লেখযোগ্য সামাজিক দায়িত্বশীলতা ইস্যুসমূহের জন্য একটি বাস্তবায়ন পরিকল্পনা করা

পরবর্তী পদক্ষেপ হচ্ছে যে, স্টেকহোল্ডারদের সংলাপের ভিত্তিতে যে সকল গুরুত্বপূর্ণ ইস্যু চিহ্নিত হয়েছে, সেসব ইস্যুসমূহের জন্য কার্য সম্পাদনের একটি পরিকল্পনা করা। এই প্রক্রিয়ায় চিহ্নিত ইস্যুগুলো নিয়ে সাহায্য ও কাজ করার জন্য একজন বিশেষজ্ঞ-কে নিয়োগ করা যেতে পারে। এই পরিকল্পনা প্রক্রিয়ার স্টেকহোল্ডারদের সংযুক্ত করাটাও একটা ভালো উপায় হতে পারে। যখন এধরনের পরিকল্পনা প্রণয়ন ও কার্যকর করা হচ্ছে, তখন প্রতিষ্ঠানকে কয়েকটি বিষয় বিবেচনা করতে হবে -

- যখন বাছাইকৃত ইস্যু নিয়ে কাজ করা হচ্ছে, তখন ঐ ইস্যুগুলোর যে যথাযোগ্যচর্চা প্রচলিত আছে তা জানা ও বোঝা জরুরি।
- প্রতিষ্ঠানের নিজস্ব চর্চার সাথে প্রস্তাবিত ইস্যুগুলো খাপ খায় কি না, সেটা জানতে পারলে আরো ভালো হয়।
- স্টেকহোল্ডারদের সাথে ভালো যোগাযোগ, তাদেরকে প্রতিক্রিয়া সম্পর্কে জানানো ও তাদেরকে আরো বেশি করে অংশগ্রহণে উৎসাহিত করা এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখাটা জরুরি।

আইএসও ২৬০০০ এর সাতটি মূলনীতিই অনুসরণ করা আবশ্যিক। কোনো পরিকল্পনা করার সময় নিচের ছকটি উপকারি হতে পারে।

শিরোনাম:	
পটভূমি	এটা করার উদ্দেশ্য/কারণ কি; এর কি প্রাধান্য আছে।
উদ্দেশ্য	আমরা কি করতে চেষ্টা করছি; আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য কি; (SMART ^{২১}) এর সাফল্য শর্ত সাপেক্ষে আমরা কি ভাবে বুঝবো আমাদের জয় হলো কি না।
সুযোগ	এই প্রজেক্টের সীমাবদ্ধতা, আকার, জটিলতা কি; কি অন্তর্ভুক্ত হবে আর কি বাদ দিতে হবে।
বাধা	আমরা কি সীমাবদ্ধতার অধীনে কাজ করি; মান; বাজেটের সময়; সম্পদ।
ধারণা	আমরা কি ধারণা করছি; যদি আমরা ভুল করি কিংবা যদি মানদণ্ড পরিবর্তিত হয় তাহলে ফলাফল কি হবে।
প্রতিবেদন	কার কাছে আমরা প্রতিবেদন পেশ করি; যোগাযোগের রেখাসমূহ কি কি।
কি কি কর্মকান্ড করা হয়েছে	আমরা কি উৎপাদন করতে চেষ্টা করছি; এখানে কোনো পর্যায় অন্তর্ভুক্ত আছে কি? প্রতিটি কর্মকান্ড পরিচালনা করার জন্য কি একজন ব্যক্তিকে নির্দিষ্ট সময় দিয়ে নিযুক্ত করা আছে?
	সম্পন্নকারী
	তারিখ

ধাপ-৬: কর্মকান্ডসমূহ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা

সমগ্র কার্যকলাপ পর্যালোচনা ও তত্ত্বাবধান করা প্রয়োজন। প্রতিষ্ঠানটি স্টেকহোল্ডার প্যানেল থেকে কতিপয় সদস্যকে তত্ত্বাবধায়ক হিসেবে আমন্ত্রণ করতে পারেন। যদি কোনো সমস্যা হয়, তাহলে এর তাৎক্ষণিক প্রতিবেদন পাঠাতে হবে এবং এটা সমাধান করার দায়িত্ব উচ্চ ব্যবস্থাপনা পরিষদের কাছে বর্তাবে।

ধাপ-৭: স্টেকহোল্ডার প্যানেলের কাছে অগ্রগতির প্রতিবেদন পেশ করা এবং নিয়মিত প্রতিক্রিয়ার জন্য যোগাযোগ রাখা


কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেই সাথে তাদের কাছে থেকে মন্তব্য ও প্রতিক্রিয়া জানাটাও। এটা আপনার প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ডকে নিখুঁতভাবে সম্পন্ন করতে সাহায্য করবে।

^{২১} Specific = সুনির্দিষ্ট, Measurable = পরিমাপযোগ্য, Achievable = অর্জনযোগ্য, Realistic = বাস্তব সম্মত এবং Time defined = সময়সীমা

ধাপ-৮: আত্ম-সমীক্ষণ, ক্ষমতার প্রভাব, সঙ্গতি ও তাৎপর্য, প্রয়োজনবোধে পরিকল্পনার উন্নয়ন সাধন এবং যোগাযোগ রক্ষার ধাপসমূহের পুনরাবৃত্তি করা


উপরোক্ত ধাপসমূহ অনুসরণ করে প্রধান ইস্যুগুলো নিয়ে কাজ করার পরে আইএসও ২৬০০০ চেক টুল ও ম্যাট্রিক্যালিটি ম্যাট্রিক্স ব্যবহার করে আবার আত্ম-সমীক্ষার পুনরাবৃত্তি করতে হবে। এতে করে, স্টেকহোল্ডারদের আগ্রহ ও আপনার প্রতিষ্ঠানের নিজস্ব আগ্রহ সাপেক্ষে আপনি তথ্যসমূহ হাল নাগাদ করতে পারবেন।

দুনীতি-দমন নীতি কার্যকারিতার একটি উদাহরণ :



সামাজিক দায়িত্বশীল কার্যক্রমের মাপদণ্ড নির্ধারণ, তত্ত্বাবধান, মূল্যায়ন ও উন্নয়ন


জনগনের উন্নয়নের জন্য বাংলাদেশের ব্যাংক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো ইতিমধ্যেই বড় অঙ্কের অর্থ বিনিয়োগ করেছে। তবে ‘এর সঠিক কি প্রভাব পড়ছে?’ এই প্রশ্নের উত্তর এখনো পাওয়া যায়নি। বিনিয়োগকৃত অর্থের পরিমাণ কত তা হিসাব রাখা হচ্ছে ঠিকই, কিন্তু জনগনের জন্য বিনিয়োগকৃত এই অর্থের মূল্যমান কতটুকু অর্জিত হয়েছে কিংবা কোম্পানির অনুদানসমূহ ব্যবহারের ফলে ‘ব্যয় সুবিধা’ কতটুকু অর্জিত হয়েছে তা পরিমাপের জন্য যথেষ্ট উদ্যোগ দেখা যাচ্ছে না। ‘কারখানার অভ্যন্তরে’ সামাজিক দায়িত্বশীলতার ব্যয়ের এই ক্ষেত্র কার্যকর। উপাত্ত ছাড়া আপনার পক্ষে কোম্পানিসমূহের নেয়া সামাজিক দায়িত্বশীলতার বিভিন্ন উদ্যোগের পার্থক্য ও তুলনা করার মাধ্যমে মাত্রা নির্ধারণ সম্ভব নয়। কোম্পানির সামাজিক দায়িত্বশীলতার মাত্রা



নির্ধারণের মাধ্যমে আপনি আপনার ব্যবসার কর্মক্ষমতা সম্বন্ধে যেমন জানবেন, তেমনি একটি নির্দিষ্ট মানদণ্ডের সাপেক্ষে আপনার কোম্পানি কোথায় দাঁড়িয়ে আছে সেটাও জানতে পারবেন।

এই বইটি জুড়ে আইএসও ২৬০০০ এর যে মূল বিষয়গুলো আলোচিত হয়েছে সেগুলোই হচ্ছে সামাজিক দায়িত্বশীলতার মূখ্য কর্মক্ষমতা সূচক (কি পারফরমেন্স ইন্ডিকেটর, KPI)। যদি আপনি আপনার সামাজিক দায়িত্বশীল কর্মকাণ্ডের উদ্দেশ্য সম্পর্কে স্পষ্ট থাকেন এবং আপনার পরিকল্পনা যদি সুস্পষ্ট ও স্মার্ট (SMART) হয়, তাহলে সামাজিক দায়িত্বশীলতার প্রভাবও পরিমাণগত ও পরিমেয় হয় এবং এর উৎপাদন ও ফলাফলও পরিমাপ করা যাবে বা অবশ্যই করা উচিত। ধাপ এক থেকে ধাপ চার এর ভিত্তিতে আপনি আপনার কোম্পানির সামাজিক দায়িত্বশীলতার চর্চাকে চিহ্নিত করতে পারেন। চারটি ধাপ-এর অর্থ নিচের লেখচিত্রের মাধ্যমে দেখানো হয়েছে -

আপনি আপনার ব্যবসার ক্ষেত্রে সামাজিকভাবে কতটুকু দায়িত্বশীল তা পরিমাপের জন্য ১ থেকে ৪ স্কেরের মাধ্যমে নির্ধারণ করা যেতে পারে। এভাবে, যদি কোনো লিখিত নীতিমালা কার্যকর



না হয়, তবে তার স্কের হবে ১। এখন যদি সাতটি মূখ্য কর্মক্ষমতা সূচক অনুযায়ী আপনি একটি প্রশ্নমালা তৈরি করে নিতে পারেন, তাহলে আপনার জন্য আরো সুবিধাজনক হবে। কর্মপরিবেশ পরিমাপনের জন্য একটি সহজ প্রশ্নমালা নিচে দেয়া হলো -

উপরোক্ত প্রশ্নমালা অনুযায়ী আপনি কোন ধাপে আছেন তা ১ থেকে ৪ স্কেরের মাধ্যমে পরিমাপ

প্রশ্নমালা	হ্যাঁ/না
নিঃসৃত পদার্থের নির্গমন :	
১. চিমনি/ যন্ত্রপাতি/ জেনারেটরের নির্গমন ধোঁয়ামুক্ত আছে ।	
২. নিঃসৃত পদার্থসমূহ নির্গমনের আগে ইটিপি (ETP)’র মাধ্যমে পর্যাণ্ড ব্যবস্থা নেয়া হয়, এবং সবসময় ডিওই (DOE) মান অর্জন করা হয় ।	
৩. বর্জ্য পদার্থের পরিমাণ ন্যূনতম ।	
৪. ইটিপি (ETP) সবসময় সরকারি মানের সাথে সঙ্গতি রাখে ।	
প্রাকৃতিক সম্পদের ব্যবহার :	
৫. কাঁচামাল এমনভাবেই ব্যবহার করা হয় যাতে নন-প্রডাক্ট আউটপুট (NPO) হ্রাস করা যায় ।	
৬. পণ্যের উৎস পুনর্ব্যবহারযোগ্য ।	
জ্বালানি ব্যবহার :	
৭. বিদ্যুৎ ব্যবহারের উপাত্তসমূহ সংরক্ষণ করা হয় এবং বিদ্যুতের ব্যবহার যথাসম্ভব হ্রাস করা হয় ।	
৮. টি ৫ হ্যালোজেন বাতি বা ফ্লুরোসেন্ট বাতি’র মতো এনার্জি-সেভিং বাতি ব্যবহার করা হয় ।	
৯. কারখানাসমূহ ধোঁয়া ও বৈদ্যুতিক উৎপাদন থেকে অন্যান্য কাজের জন্য শক্তি সঞ্চয় করে ।	
১০. জেনারেটর যথাযথভাবে ও দক্ষতার সাথে তত্ত্বাবধান করা হয় ।	
পানির ব্যবহার :	
১১. সাধারণ সরবরাহকারী ও কোম্পানি নলকূপসমূহ থেকে পানির ব্যবহার হ্রাস করা হয়েছে ।	
১২. কতটুকু পানি খরচ হলো বা কতটুকু নিঃসৃত পদার্থ নির্গত হলো, পানির ব্যবহার হ্রাস করার উদ্দেশ্যে প্রবাহ মিটারে তা পরিমাপ করা হয় ।	
১৩. পানির অপচয় রোধ করার জন্য কারখানা প্রয়োজনীয় ব্যবস্থা নেয় ।	
বর্জ্য পণ্যের পুনর্ব্যবহার :	
১৪. কারখানার একটি বর্জ্য বিলিব্যবস্থার চুক্তি রয়েছে (সলিড ওয়েস্ট ডিজপোজাল কন্ট্রোল) ।	
১৫. বর্জ্য পদার্থের পুনর্ব্যবহারের হার উল্লেখযোগ্য ।	
শক্তি সঞ্চয়কারী কারখানায় রূপান্তর :	
১৬. সৌর শক্তি এবং বায়ু-উৎপাদিত বিদ্যুৎ শক্তির ব্যবহার করা হয় ।	
পরিবহন :	
১৭. কোম্পানির সকল যানবাহন সিএনজি চালিত ।	
১৮. কোম্পানির সকল যানবাহনের যথাযথ তত্ত্বাবধান হয় ।	

ও মূল্যায়ন করতে পারেন এবং এটা আপনাকে একটি মোট ও গড় স্কোর দেয়। এই পদ্ধতির উপর্যুপরি পুনরাবৃত্তি করতে থাকুন এবং আপনি আইএসও ২৬০০০ এর দিকে আপনার সম্পূর্ণ কার্যকারিতার ক্ষেত্রে আপনার অগ্রগতির একটি পরিমাপ পাবেন।

প্রশ্ন	ধাপ ১	ধাপ ২	ধাপ ৩	ধাপ ৪	মোট
প্রবহমান কার্যসম্পাদন					
প্রাকৃতিক সম্পদের ব্যবহার					
শক্তির ব্যবহার					
পানির ব্যবহার					
বর্জ্য পণ্যের পুনর্ব্যবহার					
শক্তি সঞ্চয়কারী কারখানায় রূপান্তর					
পরিবহন					

ধরা যাক, প্রতিটি প্রশ্নে আপনি নিম্নোক্ত স্কোর পেয়েছেন

প্রশ্ন	ধাপ ১	ধাপ ২	ধাপ ৩	ধাপ ৪	মোট
প্রবহমান কার্যসম্পাদন				✓	৪
প্রাকৃতিক সম্পদের ব্যবহার			✓		৩
শক্তির ব্যবহার		✓			২
পানির ব্যবহার				✓	৪
বর্জ্য পণ্যের পুনর্ব্যবহার			✓		৩
শক্তি সঞ্চয়কারী কারখানায় রূপান্তর	✓				১
পরিবহন		✓			২
২৮ এর মধ্যে মোট	১৯				১৯
উদাহরণস্বরূপ স্কোর	→				$\frac{19 \times 8}{28} =$ গড় স্কোর ২.৭১

এবার, সাতটি মূখ্য কর্মক্ষমতা সূচক-এর জন্যই এই পদ্ধতির পুনরাবৃত্তি করুন।

উপসংহার

একটি আন্তর্জাতিক নির্দেশনা মান হবার কারণে আইএসও ২৬০০০ এর একটি সত্যিকারের সুবিধা হচ্ছে কোম্পানির সম্পূর্ণ সাপ্লাই চেইন অথবা মূল্য সংযোজন শৃঙ্খল জুড়েই সামাজিক দায়িত্বশীলতাকে উন্নীত করার জন্য এটি উপযুক্ত পথ বের করে দেবার কাজটি সম্ভব করতে পারে। কাঁচামাল আহরণ থেকে শুরু করে কারখানাজাতকরণের মধ্য দিয়ে পণ্য সরবরাহ পর্যন্ত, কিংবা নিটওয়্যার বা গার্মেন্টস-এর ক্ষেত্রে খুচরা ক্রেতার কাছে পণ্য বিক্রয় হওয়া পর্যন্ত ধাপসমূহে সংযুক্ত সকল ব্যক্তিই সামাজিক দায়িত্বশীলতার একই মূল্যবোধ দ্বারা পরিচালিত হতে পারে।

আপনার কোম্পানিতে দায়িত্ব ও নাগরিক কর্তব্যসমূহ চিহ্নিতকরণের জন্য একটি কার্যকর উপায় হচ্ছে আইএসও ২৬০০০ এর সাতটি মূলনীতি ও সাতটি মূল বিষয়ের সাথে পরিচিত থাকা। আপনাকে দেশের আইন ও নিয়ম-কানুনসমূহ মেনে চলতে হবে এবং তারপর আপনার কর্মশক্তি, আপনার সমাজ এবং সত্যিকার অর্থে আপনার সকল স্টেকহোল্ডারকে অতিরিক্ত সুবিধা দিতে হবে।

আইএসও ২৬০০০ বোঝার ক্ষেত্রে যদি কোনো অসুবিধা হয়, তাহলে কিভাবে আইএসও ২৬০০০ এর মূলনীতি ও মূল বিষয়সমূহের সাথে সম্মত হওয়া যায়, কিংবা প্রতিষ্ঠান ও কারখানাসমূহ সামাজিক দায়িত্বশীলতার আন্তর্জাতিক মানসমূহ কতটুকু পরিমাণ ধারণ করতে পারছে সেটা কিভাবে পরিমাপ ও সেই সাপেক্ষে প্রতিবেদন তৈরি করা যায় এ ব্যাপারে মালিক ও ব্যবস্থাপকদের নির্দেশনা ও প্রশিক্ষণ দেয়ার জন্য কনসালটেন্টের প্রয়োজন পড়তে পারে। সামাজিক দায়িত্বশীলতার 'কেপিআই (KPI) টুল' এই উন্নয়ন ও মূল্যায়ন পদ্ধতিতে উপকারী হতে পারে।

আইএসও ২৬০০০ এর সর্বোত্তম ব্যবহারের জন্য আপনার ব্যবসায় খাতকে প্রস্তুত হতে হলে বাংলাদেশে সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম পরিচালনার প্রয়োজন হবে। সামাজিক দায়িত্বশীলতা ও আইএসও ২৬০০০-কে ব্যাখ্যা ও উন্নীত করার জন্য এবং সদস্য কোম্পানিসমূহকে প্রশিক্ষণ দেবার ক্ষেত্রে বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় ও বাণিজ্যিক সমিতিসমূহের একটি ভূমিকা রয়েছে। বাংলাদেশে সামাজিক দায়িত্বশীলতার মূল্যায়ন পদ্ধতি ও সামাজিক দায়িত্বশীলতার মাপদণ্ড মান উন্নীত করার ক্ষেত্রেও এই প্রতিষ্ঠানসমূহ ভূমিকা রাখতে পারে। এই মাপদণ্ডসমূহ ব্যবহার করে বাংলাদেশী কোম্পানিগুলো সার্কভুক্ত দেশসমূহ বা এর বহির্ভূত অন্যান্য প্রতিযোগী রাষ্ট্রসমূহের সাথে তাদের সামাজিক দায়িত্বশীলতার অবস্থান কতটা অনুকূল সেটাও তুলনা করতে পারবে। উত্তর আমেরিকান ও ইউরোপীয় ক্রেতা ও নীতিবান খুচরা ক্রেতাদেরকেও আপনি এভাবেই সামাজিক দায়িত্বশীলতা ক্ষেত্রে অর্জনসমূহ দেখিয়ে বোঝাতে পারেন যে সামাজিক দায়িত্বশীলতার ক্ষেত্রে বাংলাদেশে বিশ্বমানের উন্নয়ন ঘটছে। উদ্দেশ্য একটাই, বাংলাদেশে বিশ্বখ্যাত সামাজিক দায়িত্বশীলতা তৈরি করা।

তথ্যসূত্র

- Moratis, L. & Cochius, T., 2011. *ISO 26000: The Business Guide to the new Standard on Social Responsibility*. UK: Greenleaf Publishing Ltd.
- Bernhart, S. M. & Maher, S. J. F., 2011. *ISO 26000 in Practice: A User Guide*. United States of America: William A. Tony
- Gürtler, G. & Graziani, C., 2010. *26k-User-Guide: ISO 26000 Guidance on social responsibility User Guide*. [Online] Available at: http://www.26k-estimation.com/26k-User-Guide__edition_2010-10-29_.pdf
- International Organisation for Standardisation. 2010. *ISO 26000:2010 Guidance on Social Responsibility*. Geneva: ISO
- Foundation for Sustained Responsibility. 2010. *The CSR Performance Ladder - Management System Requirements and Certification Standard for CSR*. [Online] Available at: <http://www.mvoprestatieladder.nl/doc/CSRPerformanceLadder.pdf>
- Brundelius, M. et al., 2011. *NORMAPME User Guide for European SMEs on ISO 26000 Guidance on Social Responsibility*.
- International Organisation for Standardisation. 2011. *ISO Focus+*. [Online] Available at: <http://www.iso.org/iso/livelinkgetfile-isocs?nodeId=15879071>
- Government of the People's Republic of Bangladesh, Ministry of Finance, Internal Resource Department, (Income Tax) Circular, Date: 4 July, 2011 SRO 229 -Law/Income Tax/2011
- Some sections of the text of this book *International Standard Social Responsibility (Implementing ISO 26000 in Bangladesh)* are direct quotations from the text of ISO 26000